গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং- ১৭৭ তারিখ : ১৫ জুন ২০২২ খ্রিষ্টাব্দ।

# স্থায়ী কমিটির সভার নোটিশ ঃ

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ২২ জুন ২০২২ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জনাব মোছাঃ আমিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ
১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

১৫/০৬/২০২২
(মোঃ আব্দুল্লাহ আল মামুন)
সদস্য সচিব
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি
ও
উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

প্রাপক
জনাব.............................................................
.............................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উসাঃপঃপঃঅ/নাগ/কুড়ি/২০২২/ তারিখ :

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২। উপজেলা নিবার্হী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। অফিস কপি।

স্বাক্ষরিত
সদস্য সচিব
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটি
ও
উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোছাঃ আমিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী।

তারিখ ঃ ২২ জুন ২০২২ খ্রিঃ, সময় ঃ সকাল ১০.০০ টা

স্থান ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

**উপস্থিতি স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মোছাঃ আমিনা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী। | সভাপতি | 22/06/22 | |
| ২ | চেয়ারম্যান, নেওয়াশী ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম | সদস্য | 22-06-22 | |
| ৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম | সদস্য | 22/06/22 | |
| ৪ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম | সদস্য | | |
| ৫ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম | সদস্য সচিব | 22/06/22 | |

**আলোচ্য বিষয় ঃ**

১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, অত্রাফিসের অনুকূলে বিগত অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যবহার করা হয়েছে। চলতি অর্থ বছরের জন্য বরাদ্দ আসলে তা যথসময়ে সভায় উপস্থাপন করা হবে।

৩নং বিষয়ে আলোচনা শুরু হলে সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, সেবামূলক কার্যক্রম নিয়মিত চলমান আছে। জন্মনিবন্ধন কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য ০১(এক) জন এম.বি.বি.এস ডাক্তার আগামী ঈদুল আযহার পর থেকে নারায়ণপুর ইউনিয়নে যাবেন এবং জন্মনিবন্ধন সংক্রান্ত প্রত্যয়ন দিবেন। তিনি জানান বর্তমানে করোনা প্রাদুর্ভাব বৃদ্ধি পাচ্ছে। তাই সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ জানান। যারা এখন পর্যন্ত করোনার বুস্টার ডোজ নেন নাই তাদের বুস্টার ডোজ নেয়ার জন্য উদ্বুদ্ধ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। বন্যা পরবর্তী সময়ে ডাইরিয়ার প্রাদুর্ভাব দেখা দিতে পারে বিধায় জনসচেতনা বৃদ্ধির জন্য সকলকে আহ্বান জানান। অতপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, নেওয়াশী ইউপি জানান যে, জন্ম নিবন্ধন প্রদানের ক্ষেত্রে ডাক্তারের প্রত্যয়ন আবশ্যক সুতরাং জনসাধারণ যাতে ভোগান্তির শিকার না হয় সে বিষয়ে দৃষ্টি রাখার অনুরোধ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আমিনা বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, নাগেশ্বরী কুড়িগ্রাম।